

// উচ্চশিক্ষায় ই-কমার্স বিষয় যুক্ত করার আহ্বান //

ই-কমার্স খাতে দক্ষ মানব সম্পদ উন্নয়নে উচ্চতর শিক্ষায় ই-কমার্স বিষয় যুক্ত করা উচিত। সম্প্রতি ই-কমার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (ই-ক্যাব) আয়োজনে ই-কমার্স নীতিমালা গঠনের লক্ষ্যে অনুষ্ঠিত সভায় এ দাবি জানান বক্তারা। রাজধানীর ই-ক্যাব কার্যালয়ে অনুষ্ঠিত ই-কমার্সের সঙ্গে সংশ্লিষ্টরা এ সভায় উপস্থিত ছিলেন। সভায় বিদেশি বিনিয়োগ, ইস্যুরেপ, ই-সিকিউরিটি, পেমেট গেটওয়ে, ডেলিভারি সেবা, ডোমেইন-হোস্টিং, দক্ষতা বৃদ্ধি প্রভৃতি নিয়ে আলোচনা হয়। অনুষ্ঠানে বক্তারা বিদেশি বিনিয়োগকে স্বাগত জানালেও ই-কমার্স খাতে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের স্বার্থ সংরক্ষণের ওপর জোর দেন। তারা স্থানীয় ই-কমার্স উদ্যোক্তাদের স্বার্থ সংরক্ষণে

অনুষ্ঠানে ই-ক্যাব সভাপতি রাজিব আহমেদ বলেন, ই-কমার্স খাতে আগামীতে দক্ষ জনবলের প্রয়োজন হবে। তাই আমাদেরকে এখন থেকেই তার প্রস্তুতি নিতে হবে। তিনি জানান, আইসিটি প্রতিমন্ত্রীর নির্দেশনায় তৈরি ই-কমার্স নীতিমালার খসড়া এরই মধ্যে আইসিটি বিভাগে জমা দেওয়া হয়েছে। সভায় এ খসড়া নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় অন্যান্যের মধ্যে ই-ক্যাব সাধারণ সম্পাদক আবদুল ওয়াহেদ তমাল, অর্থ সম্পাদক মোহাম্মদ আবদুল হক, সহ-সভাপতি রেজওয়ানুল হক জামি, বাণিজ্য সচিবের একান্ত সচিব সৈয়দ কাউসার হোসেন, এসএসএল ওয়্যারলেসের সিওও আশিস চক্রবর্তী প্রমুখ উপস্থিত ছিলেন।

■ প্রযুক্তি প্রতিদিন প্রতিবেদক